

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৩৭

তারিখ: ২০ বৈশাখ ১৪২৮

০৩ মে ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০৩ মে ২০২১ খ্রিঃ তারিখ ভোর ০৪.০০ ঘটিকা হতে দুপুর ০১টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, এবং কুমিল্লা অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম /উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

০৩ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল এবং সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পার।

তাপ প্রবাহঃ ঢাকা, টাঙ্গাইল, মাদারীপুর, গোপালগঞ্জ, নোয়াখালী, ফেনী, পাবনা, পটুয়াখালী ও খেপুপাড়া অঞ্চলসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অধিকাংশ স্থান থেকে প্রশমিত হতে পার।

তাপমাত্রাঃ সারাদেশের দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। |

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৫	৩৪.৬	৩৬.৫	৩৫.৫	৩৫.৮	৩৪.২	৩৭.৪	৩৬.২
সর্বনিম্ন তাপমাত্রা	২২.৫	২১.৬	২১.৫	২১.০	২৩.০	২৩.০	২৩.২	২৫.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৭.৪° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ২১.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০১ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	৭	০	০
৮।	খুলনা	৫	০	০
	মোট	২১	০	০

স্পিডবোট দুর্ঘটনাঃ

মাদারীপুরঃ অদ্য ০৩/০৫/২০২১ তারিখে মাদারীপুর জেলার শিবচর উপজেলার কাঠালবাড়িয়া ঘাট এলাকায় বালুবোঝাই বাবুহেডের সাথে যাত্রাবাহী স্পিডবোটের ধাক্কা লেগে স্পিডবোটটি ডুবে যায়। এ পর্যন্ত মোট ২৬ জনের লাশ উদ্ধার করা হয়েছে। উদ্ধারকাজ অব্যাহত আছে। ঘটনা তদন্তে ০৬ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন মৃত ব্যক্তিদের সংকারের জন্য প্রয়োজনীয় সাহায্য প্রদান অব্যাহত আছে।

দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ০২/০৫/২০২১ তারিখে ১২৬ নং স্মারকের মাধ্যমে দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূর্ণিঝড় কোভিড-১৯/বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার মোট ৪,৫৭০ ইউনিয়নের অনুকূলে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	খাতের নাম	বরাদ্দের পরিমাণ (নেগদ অর্থ)
০১	দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে (৬৪ জেলার ৪,৫৭০ টি ইউনিয়নের অনুকূলে)	১১,৪২,৫০,০০০/-

২। ২৯/০৪/২০২১ তারিখে ১২৫ নং স্মারকের মাধ্যমে দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূর্ণিঝড় কোভিড-১৯/বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার অনুকূলে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	খাতের নাম	বরাদ্দের পরিমাণ (নেগদ অর্থ)
০১	শিশু খাদ্য ক্রয় বাবদ (৬৪ জেলার ৪৯২ টি উপজেলার অনুকূলে)	৪,৯২,০০,০০০/-

৩। ২৮/০৪/২০২১ তারিখে ১২৩ নং স্মারকের মাধ্যমে দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বন্যা/নদীভাংগন/ঘূর্ণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার অনুকূলে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	খাতের নাম	বরাদ্দের পরিমাণ (নেগদ অর্থ)

০১	গো-খাদ্য ক্রয় বাবদ (৬৪ জেলার ৪৯২ টি উপজেলার অনুকূলে)	৪,৯২,০০,০০০/-
----	--	---------------



৩-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৩৭/১(১৭০)

তারিখ: ২০ বৈশাখ ১৪২৮

০৩ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৩-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা